NOV. 28 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# নেপালে জরুরী অবস্থার জন্য সার্ক শীর্ষ সম্মেলন পিছাবে না ॥ পররাষ্ট্রমন্ত্রী

কূটনৈতিক রিপোর্টার ॥ পূর্ব নির্ধারিত তারিখে ৪ জানুয়ারি কাঠমণ্ডুতে ১১তম সার্ক শীষ সম্মেলন অনুষ্ঠিত হবে। ঐদিন থেকে তিন দিনব্যাপী সম্মেলন হবার কথা। মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী মোরশেদ খান সাংবাদিকদের সঙ্গে আলাপ প্রসঙ্গে এ কথা জানান। জনাব খান ঢাকা রিপোর্টার্স ইউনিটের ওয়েব সাইটের উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিচ্ছিলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, নেপালে যে জরুরী অবস্থা আহ্বান করা হয়েছে তা তাদের অভ্যন্তরীণ ব্যাপার। অন্য দেশের অভ্যন্তরীণ ঘটনায় নাক গলানো বাংলাদেশের পররাষ্ট্রনীতির

(১)- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## নেপালে জরুরী

(১২-এর পাতার পর)

আওতায় পড়ে না। এখন পর্যন্ত সার্ক সম্মেলনের তারিখ পরিবর্তন হয়নি। কাজেই সার্ক সম্মেলন নির্ধারিত তারিখে হবে বলে আশা করা যাচ্ছে।

একাধিক কূটনৈতিক সূত্রে জানা গেছে যে, এবারের সার্কের গুরুত্বপূর্ণ মহাসচিবের পদটিতে সাবেক রাষ্ট্রদূত কিউএএসএ রহিমের নিযুক্তির সম্ভাবনা রয়েছে। সার্কের প্রথম মহাসচিব ছিলেন বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব আবুল আহসান। চক্রাকারে আবর্তিত হয়ে এবার পুনরায় এই পদটি বাংলাদেশের পাবার সম্ভাবনা। সার্ক মহাসচিবের পদ ঘিরে বেশ কয়েকজন সাবেক কূটনীতিক লবিং শুরু করেছেন। এক্ষেত্রে জনাব রহিমের নামই সর্বাগ্রে।

সার্ক সম্মেলন শুরু হবার আগে কাউন্সিল অব মিনিস্টার্সে রাষ্ট্রদূত জনাব রহিমের নাম পাঠানোর সিদ্ধান্ত প্রায় পাকাপোক্ত। তবে তার আগে উদ্ভূত পরিস্থিতির কারণে নেপালে সম্মেলন স্থগিত না হলেই হয়। ১৯৯৮ সালের পর থেকে সার্ক শীর্ষ সম্মেলন হয়নি মূলত ভারত ও পাকিস্তানের বৈরী মনোভাবের কারণে।